গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
জনস্বাস্থ্য-১ অধিশাখা

নং: জনস্বাস্থ্য-১/ঔষধ-০৭/২০১৫- তারিখ: ০৬/০৯/২০১৬ খ্রি:

# প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সুপারিশের ভিত্তিতে নিম্নবর্ণিত প্রার্থীগণ-কে ২য় শ্রেণীর পদে ১০ম গ্রেড জাতীয় বেতন স্কেল ২০১৫ এর বেতনক্রম টাকা ১৬০০০-১৬৮০০-১৭৬৪০-১৮৫৩০-১৯৪৬০-২০৪৪০-২১৪৭০-২২৫৫০-২৩৬৮০-২৪৮৭০-২৬১২০-২৭৪৩০-২৮৮১০-৩০২৬০-৩১৭৮০-৩৩৩৭০-৩৫০৪০-৩৬৮০০-৩৮৬৪০ এ ঔষধ প্রশাসন অধিদপ্তরে নিম্নবর্ণিত শর্তে নিয়োগ প্রদান করা হলঃ

| ক্রমিক নং | নাম | পদের নাম | রেজিস্ট্রেশন নং |
|---|---|---|---|
| ০১। | ফয়সাল আজীম তালুকদার<br>পিতা- আব্দুল হাই তালুকদার<br>গ্রাম-চৌধুরীপাড়া, ডাকঘর-মাটিরাংগা, উপজেলা-মাটিরাংগা, জেলা-খাগড়াছড়ি | ঔষধ পরিদর্শক | ৩০৬৯৬১ |
| ০২। | মোঃ আব্দুল হক<br>পিতা- মোঃ এজেম উদ্দিন প্রামাণিক<br>গ্রাম-ভবানীপুর, ডাকঘর+উপজেলা-সুজানগর, জেলা-পাবনা | ঔষধ পরিদর্শক | ০৪২১৬৫ |
| ০৩। | শ্রী গৌতম চন্দ্র সরকার<br>পিতা-ফনিলচন্দ্র সরকার<br>গ্রাম-মাধবপুর (মাস্টারপাড়া), ডাকঘর-পালিচড়ারহাট,<br>উপজেলা-রংপুর সদর, জেলা-রংপুর | ঔষধ পরিদর্শক | ০০০৪৬৯ |
| ০৪। | মোঃ মোকছেদুল আমিন<br>পিতা-মোঃ আব্দুল বাতেন আজাদ<br>গ্রাম-ফুল খাঁ, ডাকঘর-ফরকেরহাট, উপজেলা-রাজারহাট, জেলা-কুড়িগ্রাম | ঔষধ পরিদর্শক | ০০০৩৪১ |
| ০৫। | সুশীল কুমার ঢালী<br>পিতা-মৃত কালীপদ ঢালী<br>গ্রাম-দক্ষিণ মঠবাড়ী, ডাকঘর-মহারাজপুর, উপজেলা-কয়রা, জেলা- খুলনা | ঔষধ পরিদর্শক | ০০০২৬১ |
| ০৬। | কাজী নিতু<br>পিতা- কাজী মোঃ লুৎফর রহমান<br>গ্রাম-কোমরপুর, ডাকঘর-শালগ্রাম-৫৮৯০, উপজেলা-আদমদিঘী, জেলা-বগুড়া | ঔষধ পরিদর্শক | ০০০৪৫১ |
| ০৭। | প্রিয়াংকা দাস গুপ্তা<br>পিতা-জহরলাল দাস গুপ্ত<br>গ্রাম+ডাকঘর-জলদী, থানা-বাঁশখালী, জেলা-চট্টগ্রাম | ঔষধ পরিদর্শক | ০০০৪৩৬ |
| ০৮। | মোঃ জাহিদুল ইসলাম<br>পিতা-ময়শের আলী<br>গ্রাম+ডাকঘর-আটিয়া মাসুদপুর, উপজেলা-মির্জাপুর, জেলা-টাঙ্গাইল | ঔষধ পরিদর্শক | ০০০৩০৮ |
| ০৯। | রাজীব দাস<br>পিতা-গৌরাঙ্গ চন্দ্র দাস<br>শীতলা খোলা বগুড়া রোড, ডাকঘর+উপজেলা+জেলা-বরিশাল | ঔষধ পরিদর্শক | ০০০২৪৭ |
| ১০। | তাহমিদ জামিল<br>পিতা-মোঃ তোরাব আলী আকুঞ্জী<br>বাসা নং-১১১/এ, ফ্ল্যাট-৩, এ, রোড-লেক ড্রাইভ, সেক্টর-৭, উত্তরা, ঢাকা-১২৩০। | ঔষধ পরিদর্শক | ০০০৫৫৩ |
| ১১। | নাহিন আল আলম<br>পিতা- এ. এম. সিরাজুল আলম<br>গ্রাম-কামারকাঠি, ডাকঘর-জলাবাড়ী, উপজেলা-নেসারাবাদ, জেলা-পিরোজপুর | ঔষধ পরিদর্শক | ০০০৫৫২ |

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

**শর্তাবলিঃ**

(ক) সরকারের প্রচলিত আইন, বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণিতব্য আইন ও বিধি-বিধান দ্বারা চাকুরি সংক্রান্ত সকল বিষয় নিয়ন্ত্রিত হবে।

(খ) এ চাকুরিতে যোগদানকালীন সময়ের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না।

(গ) ঔষধ প্রশাসন অধিদপ্তরে যোগদানের তারিখ থেকে নিয়োগপ্রাপ্ত প্রার্থীদের চাকুরিকাল গণনা করা হবে।

(ঘ) প্রাথমিকভাবে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণ ২ বছরের জন্য শিক্ষানবিশ হিসেবে গণ্য হবেন এবং নিয়োগবিধিতে বর্ণিত বিধান মোতাবেক শিক্ষানবিশ কর্মকর্তাকে উক্ত পদে স্থায়ী করা হবে।

(ঙ) শিক্ষানবিশকালে যদি তিনি চাকুরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকুরি হতে অপসারণ করা হবে।

(চ) তিনি শিক্ষানবিশকালে অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকুরিতে ইস্তফা দিলে তার প্রশিক্ষণকালে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষ্যে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও তার প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে বাধ্য থাকবেন। এক্ষেত্রে তার কাছে সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারি এ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং প্রয়োজনীয় বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ছ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

(জ) চাকুরিতে যোগদানকালে তাকে যোগদানের সাথে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না।

(ঝ) সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকুরিতে যোগদানের সময় এ মন্ত্রণালয়ে জমা দিতে হবে।

২। উপরের শর্তাবলি তার নিকট গ্রহণযোগ্য হলে আগামী ৩০/০৯/২০১৬ খ্রি: তারিখের মধ্যে ঔষধ প্রশাসন অধিদপ্তরে অথবা ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক নির্দেশিত কর্মস্থলে যোগদান করতে হবে। নির্ধারিত তারিখে চাকুরিতে যোগদান না করলে তিনি চাকুরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৩। জনস্বার্থে এ নিয়োগাদেশ জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বা/-
(গৌতম কুমার)
উপসচিব
ফোন: ৯৫৬৭২৫২

নং: জনস্বাস্থ্য-১/ঔষধ-০৭/২০১৫-৭৩৬/১(২২)

তারিখ: ০৬/০৯/২০১৬ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল :

১। মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৫। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৬। পরিচালক, সেন্ট্রাল ড্রাগ টেস্টিং ল্যাবরেটরি, আগ্রাবাদ, চট্টগ্রাম
৭। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর
৮। উপ-পরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা
৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা
১০। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
১১। জনাব/বেগম.....................................................................
১২। যুগ্ম-সচিব (জনস্বাস্থ্য) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

(গৌতম কুমার)
উপসচিব
ফোন: ৯৫৬৭২৫২